অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/15/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

স্বাদযুক্ত ই-সিগারেট বিক্রি নিষিদ্ধ করতে জরুরি নির্বাহী পদক্ষেপ ঘোষণা করেছেন গভর্নর কুওমো

রাজ্য পুলিশ (State Police) এবং স্বাস্থ্য অধিদপ্তর (Department of Health, DOH) অংশীদারিত্ব করছে অবিলম্বে খুচরা বিক্রেতাদের বিরুদ্ধে এনফোর্সমেন্ট প্রচেষ্টা আরো বলিষ্ঠ করার জন্য যারা নাবালক তরুণদের কাছে বিক্রি করেন - অপরাধমূলক শাস্তির সম্ভাবনা সহ

শিশু ও অপ্রাপ্তবয়স্ক তরুণদের ই-সিগারেটের প্রতারণামূলক বিপণন নির্মূল করতে আইন প্রণয়ন করছে

ই-সিগারেটের স্বাদ নিষিদ্ধ করতে পাবলিক হেলথ অ্যান্ড হেলথ প্ল্যানিং কাউন্সিল (Public Health and Health Planning Council, PHHPC)-র সঙ্গে জরুরি বৈঠক করবেন স্বাস্থ্য অধিদপ্তরের (DOH) কমিশনার ডঃ জুকার

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেটে গন্ধযুক্ত ইলেকট্রনিক সিগারেট বিক্রি নিষিদ্ধ করার জন্য জরুরী নির্বাহী পদক্ষেপ নেওয়ার কথা ঘোষণা করেছেন - যা এক ধারাবাহিক কর্মকাণ্ডের সাম্প্রতিকতম পদক্ষেপ, ক্রমবর্ধমান ভ্যাপ পণ্য ব্যবহারকারী তরুণদের সংখ্যার মোকাবিলা করার, যা মূলত ই-সিগারেট সংস্থাগুলির দ্বারা চালিত যারা এমন স্বাদ বিপনন করছে যা শিশুদের নিকোটিনের প্রতি আসক্ত করার উদ্দেশ্যে ব্যবহার করা হয়। DOH এর কমিশনার ড. হাওয়ার্ড জুকার এই সপ্তাহে পাবলিক হেলথ এন্ড হেলথ প্ল্যানিং কাউন্সিল বা PHHPC-র সাথে জরুরী বৈঠক করবেন, গন্ধযুক্ত ই-সিগারেট নিষিদ্ধ করতে। গভর্নর রাজ্য পুলিশ এবং DOH-কে নির্দেশ দেন, একযোগে কাজ করার জন্য যাতে নাবালক তরুণদের কাছে বিক্রি করে যে খুচরো বিক্রেতারা, তাদের বিরুদ্ধে বলবতকরণ প্রচেষ্টার বৃদ্ধি করতে বলেছেন, এবং তার সাথে ফৌজদারি শাস্তির সম্ভাবনা যুক্ত রয়েছে। অবশেষে গভর্নর ঘোষণা করেন, কিশোরদের ও শিশুদের ই-সিগারেটের প্রতারণামূলক বিপণন নিষিদ্ধ করার জন্য তিনি আইনঅগ্রসর করবেন।

"নিউ ইয়র্ক এই সংকটের সামনাসামনি মোকাবিলা করছে এবং আজ আমরা একটি সর্বজনীন স্বাস্থ্য সঙ্কটের মোকাবিলার জন্য আরেকটি দেশের জন্য প্রধান পদক্ষেপ নিচ্ছি", **গভর্নর কুওমো বলেন।** "ফল এবং মিছরি-গন্ধযুক্ত ই-সিগারেটের নির্মাতারা ইচ্ছাকৃতভাবে এবং বেপরোয়াভাবে তরুণদের তাদের লক্ষ্য করছে, এবং আজ আমরা এর অবসান ঘটাতে ব্যবস্থা নিচ্ছি। একই সময়ে, নীতিজ্ঞানবর্জিত দোকানগুলি জেনেশুনে অপ্রাপ্তবয়স্ক তরুণদের কাছে ভ্যাপিং পণ্য বিক্রি করছে - ওই

খুচরা বিক্রেতারা এখন বিজ্ঞাপিত হয়েছে যে আমরা আমাদের বলবতকরণ বারাচ্ছি এবং তাদের ধরা হবে এবং তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।"

খুচরা বিক্রেতারা যারা অপ্রাপ্তবয়স্ক তরুণদের তামাকজাত ও ভ্যাপিং দ্রব্য বিক্রি করে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে, রাজ্য পুলিশ DOH এর সাথে অংশিদারীত্ব করছে অ্যাডোলসেন্ট টোব্যাকো ইউজ প্রিভেনশন অ্যাক্টের (Adolescent Tobacco Use Prevention Act, ATUPA) অধীনে রাজ্য জুড়ে গোপন তদন্ত পরিচালনা করতে, যা অপ্রাপ্তবয়স্ক তরুণদের তালিকাভুক্ত করে তামাক ও ই-সিগারেটের পণ্য কেনার চেষ্টা করার জন্য। খুচরা বিক্রেতারা যারা তামাক ও ভ্যাপিং পণ্য বিক্রি করেঅপ্রাপ্তবয়স্ক ব্যক্তিবর্গের কাছে তারা এখন দেওয়ানি দণ্ড ছাড়াও ফৌজদারি শাস্তির মুখোমুখি হবেন। জুলাই মাসে স্বাক্ষরিত আইনটি যখন 13ই নভেম্বরে কার্যকর হবে, এই সন্ধান ও অনুবর্তিতার প্রচেষ্টা নতুন করে 21 বছর বয়সের কম বয়স্কদের কাছে বিক্রির প্রতি নজর কেন্দ্রীভূত করে পরিচালিত হবে।

প্রতিটি লাইসেন্সধারী তামাকের খুচরা বিক্রেতার আইনের প্রতি অনুবর্তিতার বার্ষিক মূল্যায়ন করা হয়:

- রাজ্য ও স্থানীয় এনফোর্সমেন্ট অফিসাররা এই প্রোগ্রাম চলাকালীন 1 এপ্রিল 2016 থেকে 31 মার্চ 2017 পর্যন্ত 29,552টি কমপ্লায়েন্স ইন্সপেকশন পরিচালনা করেন। এর মধ্যে 22,395টি হল যেখানে অপ্রাপ্তবয়স্ক তরুণরা তামাক ও অন্যান্য সংরক্ষিত পণ্য ক্রয়ের চেষ্টা করেছিল।
- 1 এপ্রিল 2016 থেকে 31 মার্চ 2017 এর মধ্যে মোট 386টি পরিদর্শন করা 250টি ATUPA লঙ্ঘনের অভিযোগের ভিত্তিতে হয়।
- 1 এপ্রিল 2016 থেকে 31 মার্চ, 2017, সময়সীমার মধ্যে তরুণরা তামাক ও অন্যান্য সীমাবদ্ধ পণ্য ক্রয় করেছিল 1,296 বার। ATUPA লঙ্ঘনের জন্য মোট 985টি এনফোর্সমেন্ট অ্যাকশন নেওয়া হয়েছিল এবং 922,000 মার্কিন ডলারেরও বেশি জরিমানা নির্ধারণ করা হয়েছিল।

এই প্রচেষ্টা গভর্নর দ্বারা নেওয়া বেশ কিছু ধারাবাহিক পদক্ষেপ অনুসরণ করে ভেপিং পণ্যের ক্রমবর্ধমান ব্যবহার করার লক্ষ্যে, যা জাতীয় নিরীক্ষণের আওতায় এসেছে, ক্রমবর্ধমান শ্বাসযন্ত্রের অসুখে আক্রান্তের সংখ্যার ফলে।

12 সেপ্টেম্বর গভর্নর কুওমো একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন যা রাজ্য সংস্থাগুলোকে শিক্ষা সচেতনতা প্রোগ্রাম পরিচালনা করার নির্দেশ দেয় এবং ভেপিং ও ই-সিগারেট প্রতিরোধ ও অবসানের ব্যবস্থা তাদের শিক্ষামূলক কর্মসূচি ও কর্মচারীদের প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করার নির্দেশ দেয়। এই আদেশটি স্টেট DOH স্টেট শিক্ষা দপ্তরের (State Education Department) সঙ্গে কাজ করে অবিলম্বে স্কুল ডিস্ট্রিক্টের জন্য এমন ব্যবস্থা গড়ে তুলে তাদের পাঠ্যক্রমে তা অন্তর্ভুক্ত করার নির্দেশ দিয়েছে। গভর্নর আইন স্বাক্ষর করেন তামাক ব্যবহার কমানোর লক্ষ্যে ই-সিগারেট ও লিকুইড নিকোটিন অন্তর্ভুক্ত করার জন্য বর্তমান বিদ্যালয়ভিত্তিক কর্মসূচি ও বিপনন প্রচারণা প্রসারণের জন্যও।

৭ই সেপ্টেম্বরে গভর্নর DOH-কে নির্দেশ দেন যেসব কোম্পানি ভেপিং পদার্থ উৎপাদন করে তাদের সম্পর্কে তদন্ত শুরু করার জন্য। DOH তিনটি সপিনা পরিবেশন করে, যাতে DOH তাদের ডায়লুয়েন্ট-থিকেনারের উপাদানের মিশ্রণ নির্ধারণ করতে পারে। এছাড়াও DOH জরুরী নিয়ম পাস করেছে যা ই-সিগারেট বিক্রি করে এমন দোকানগুলিকে একটি সতর্কবার্তা পোস্ট করা বাধ্যতামূলক করে যা মানুষকে জানায় যে এটি উল্লেখযোগ্য স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকির কারণ। এটি করার জন্য নিয়মকানুন এখন থেকেই রয়েছে।

16ই জুলাই-এ, গভর্নর কুওমো, তামাক ও ইলেকট্রনিক সিগারেটের পণ্য ক্রয়ের বয়স 18 থেকে 21 অবধি বাড়াতে আইন স্বাক্ষর করেন, যা কার্যকর হবে নভেম্বর 13, 2019 থেকে। এছাড়াও 2017 এর অক্টোবরে গভর্নর আইন সই করেন সব স্কুলের মাঠে ইলেকট্রনিক সিগারেট ব্যবহার নিষিদ্ধ করার জন্য এবং সেই সব জায়গায় যে ধূমপানের পণ্য নিষিদ্ধ।

তরুণদের দ্বারা ই-সিগারেট ব্যবহারের নাটকীয় বৃদ্ধি মূলত স্বাদ যুক্ত ই-তরলের কারণে এবং ফ্লেভার একটি প্রধান কারণ যার জন্য তরুণরা ই-সিগারেট ব্যবহার শুরু করে এবং বজায় রাখে। স্বাস্থ্য দপ্তরের ডেটা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের 12 গ্রেডের ছাত্র ছাত্রীদের মধ্যে প্রায় 40 শতাংশ এবং হাই স্কুলের ছাত্র ছাত্রীদের মধ্যে প্রায় 27 শতাংশ এখন ই-সিগারেট ব্যবহার করে, এবং এই বৃদ্ধির অন্যতম প্রধাণ কারণ হল সুগন্ধী ই-লিক্যুইড। 2018 সালে হাই স্কুলে এর ব্যবহার (27.4%) 2014 সালে এর ব্যবহারের (10.5%) থেকে 160 শতাংশ বৃদ্ধি পেয়েছে। যেখানে নিউ ইয়র্কের হাই স্কুলের ছাত্র ছাত্রীদের ধূমপানের হার 2000 সালের 27.1% থেকে 2016 সালে 4.3% এ রেকর্ড হ্রাস পেয়েছিল, সেখানে সুগন্ধী ই-সিগারেটের আগ্রাসী বিপণন প্রচার প্রবণতাটিকে পরিবর্তন করেছে। যুবাদের আকৃষ্ট করতে ভেপিং/এরোসল শিল্পের একটি মুখ্য বিপণন কৌশল হল সুগন্ধী ব্যবহার করা, ঠিক যেমন সিগারেট, সিগার, এবং ধোঁয়াহীন তামাকের বাজারগুলিতে আছে। ই-সিগারেট বিপণন মিন্ট চকোলেট, বাবলগাম এবং চেরি কোলার মতো সুগন্ধগুলিকে হাইলাইট করে, এবং একটি ভ্রান্ত বিশ্বাস তৈরি করে যে সেগুলি ব্যবহারকারীদের জন্য ক্ষতিকারক নয়। নিউ ইয়র্ক স্টেটের 15 থেকে 17 বছর বয়সী বয়ঃসন্ধিকালের মানুষরা যারা বর্তমানে ইলেকট্রনিক বাষ্পের পণ্য ব্যবহার করে, তাদের মধ্যে 2017 সালের একটি জরিপে দেখা গেছে 19% কিশোর বলেছে, স্বাদের কারণেই তারা প্রথমে একটি ই-সিগারেট ব্যবহার করে এবং 27% বলেছে স্বাদই হল তাদের ব্যবহার বজায় রাখার কারণ। অধ্যয়নে দেখা গেছে যে 2016 সালে প্রায় 78% হাই স্কুল ছাত্র-ছাত্রী, এবং 75% মিডল স্কুলের ছাত্র-ছাত্রীরা প্রো-টোবাকো বিপণনের সম্মুখীন হয়েছে বলে রিপোর্ট করা হয়েছে। এই সব মোহময়ী ও বিভ্রান্তিকর বিজ্ঞাপনগুলিকে আমাদের তরুণদের লক্ষ্য করা থেকে প্রতিরোধ করতে পরবর্তী অধিবেশনে আইন প্রণয়ন করা হবে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন, "সাম্প্রতিক বছরগুলোতে যুবকদের মধ্যে তামাকজাত দ্রব্য ব্যবহারের ঊর্ধ্বমুখী প্রবণতার মূল নির্দেশক হিসেবে ই-সিগারেট জড়িত বলেঅভিহিত করা হয়েছে। এই প্রবিধান এই বিপজ্জনক প্রবণতা ঠেকাতে সাহায্য করবে এবং সকল নিউ ইয়র্কবাসীদের, বিশেষ করে অপ্রাপ্তবয়স্ক তরুণদের, স্বাস্থ্য আরো ভালোভাবে সুরক্ষিত করবে।"

স্টেট পুলিশের সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "খুচরা বিক্রেতারা যারা ই-সিগারেট এবং ভ্যাপিং পণ্য বিক্রয় করেন, তারা ক্রেতাদের আইডি পরীক্ষা করছেন তা নিশ্চিত করতে হবে, এবং যাদের এই বস্তু কেনার বয়স হয়েছে তাদেরই বিক্রি করছেন, তা নিশ্চিত করতে হবে। স্টেট ট্রুপাররা স্বাস্থ্য অধিদপ্তরের সাথেঅংশিদারিত্ব করবে যারা নাবালকদের বিক্রি করে তাদের ধরতে এবং আইনের পূর্ণ পরিসরঅনুযায়ী দায়বদ্ধ করার জন্য।"

ভ্যাপিং এর ফলে হওয়া অসুস্থতার বিভিন্ন ধরনের উপসর্গের কথা জানিয়েছেন ভ্যাপ পণ্য ব্যবহার করা রোগীরা, যেগুলো কয়েক দিন থেকে সপ্তাহ পর্যন্ত সময়ে গড়ে ওঠে, যেমন: ফুসফুসের উপসর্গ (কাশি, শ্বাস কষ্ট, বুকে ব্যথা), গ্যাস্ট্রোইনটেস্টিনাল উপসর্গ (বমিভাব, বমি, ডায়রিয়া), অবসাদ, জ্বর, মাথাব্যথা, আর ওজন কমে যাওয়া।

নিকোটিনের সাথে মানুষের সংস্পর্শে আসা সংক্রান্ত উদ্বেগ রয়েছে, কারণ ব্যবহারকারীরা অনেক সময়ই এই তরল থেকে কতটা নিকোটিন সেবন করছেন তা বুঝতে পারেন না । নতুন এবং সব চেয়ে জনপ্রিয় ই-সিগারেট উচ্চ মাত্রার নিকোটিন প্রদান করে, যা সব তামাকজাত দ্রব্যের আসক্তির উপাদান। যদিও আজীবন ই-সিগারেট ব্যবহারের দীর্ঘমেয়াদী স্বাস্থ্যের প্রভাব বোঝা এখনই যাবে না, গবেষণার ফলে কার্ডিওভাসকুলার অবস্থা এবং শ্বাসযন্ত্রের অবস্থা সম্পর্কিত নির্দিষ্ট কিছু স্বাস্থ্যের প্রভাব সম্পর্কে তথ্য জমা হতে শুরু করেছে। ই-সিগারেট সম্পর্কিত স্বাস্থ্য সংক্রান্ত প্রভাবের জন্য গবেষণার সাহিত্য নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে থাকবে স্বাস্থ্য অধিদপ্তর (Department of Health)।

ভেপ পণ্য ব্যবহারকারী কারোর উপসর্গগুলি দেখা গেলে তাদের অবিলম্বে তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা উচিত। স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সম্ভাব্য কেসগুলি স্থানীয় বিষ নিয়ন্ত্রণ কেন্দ্রে (1-800-222-1222) রিপোর্ট করা উচিত। আপনার সমস্ত ভেপিং ডিভাইস বা পণ্য সম্পর্কে আপনি উদ্বিগ্ন হলে বা শুধুমাত্র আরও তথ্য চাইলে, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের (NYSDOH) ভেপিং হটলাইনের 1-888-364-3046 নম্বরে ফোন করুন।

আরও তথ্যের জন্য, দেখুন: https://health.ny.gov/prevention/tobacco_control/campaign/e-cigarettes/।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন